



# Dhaka Tribune

Dhaka Tribune 21-04-2022, Online Version

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'হৃদয়ে বঙ্গবন্ধু' কর্নার উদ্বোধন

এই কর্নার ভবিষ্যত প্রজন্মকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকে আরও বিশদভাবে জানার সুযোগ করে দেবে বলে আশা সংশ্লিষ্টদের



বৃহস্পতিবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্নারের উদ্বোধন করা হয় সৌজন্যে: টিবিউন ডেস্ক প্রকাশিত: ০৫:৫৩ বিকাল এপ্রিল ২১, ২০২২

স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কাজকে সারগীয় করে রাখতে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে 'হৃদয়ে বঙ্গবন্ধু' কর্নার উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (২১ এপ্রিল ২০২২) সকালে এই কর্নারের উদ্বোধন করেন বঙ্গবন্ধুর একান্ত সচিব এবং ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ডক্টর মোহাম্মদ ফরাসউদ্দিন। এই কর্নারে বঙ্গবন্ধুর একটি আবক্ষ প্রতিকৃতি এবং তাঁর জীবন ও কর্মের ওপর রচিত বইগুলো স্থান পেয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের সংক্ষিপ্ত বক্তব্যে অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বাংলাদেশ রাষ্ট্রের অভ্যুদয় এবং বিকাশের ইতিহাস জানতে হলে সবাইকেই বঙ্গবন্ধুকে জানতে হবে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় সবসময়ই মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে। তাই, এই কর্নার ভবিষ্যত প্রজন্মকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকে আরও বিশদভাবে জানার সুযোগ করে দেবে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য ড. রফিকুল হুদা চৌধুরী, উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান, উপ-উপাচার্য অধ্যাপক ড. জিয়াউলহক মামুনসহ বিশ্ববিদ্যালয়ের ডিন, প্রক্টর, রেজিস্ট্রার, লাইব্রেরিয়ান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।